



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
সরকারি কলেজ শাখা-২  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩২৬৯

তারিখ: ২৪ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮-এর বিধি-০৫ এবং বিধি-০৬-এ বর্ণিত বিধান অনুযায়ী বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাধীন সরকারি বঙ্গবন্ধু মহিলা কলেজে বেসরকারী আমলে নিয়োগকৃত ও কর্মরত ২৬ (ছাব্বিশ) জন শিক্ষক-কে কলেজ সরকারিকরণের তারিখ (০৮ আগস্ট ২০১৮) হতে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়। কলেজে কর্মরত অধ্যক্ষের পদসৃজন প্রক্রিয়াধীন থাকায় রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগকৃতদের মধ্যে জ্যেষ্ঠ বিবেচনায় জনাব মোসাম্মৎ আফরোজা খানম (ইনডেক্স-৪২২৫৯৩) সহকারী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (নন-ক্যাডার)-কে আয়ন-ব্যয়নকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের হিসাবরক্ষণ অফিসের সাথে বেতন-ভাতা সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জনাব মোসাম্মৎ আফরোজা খানম (ইনডেক্স-৪২২৫৯৩)-কে শর্ত মোতাবেক আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হলো।

#### শর্তসমূহ:

১। রবর্তীতে অধ্যক্ষের এডহক নিয়োগ হওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।  
২। অধ্যক্ষের অনুমোদনক্রমে প্রযোজ্য বিধি অনুযায়ী তাঁকে আর্থিক কার্যক্রম পরিচালনা করতে হবে।  
৩। প্রত্যাশ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য অধ্যক্ষ ও তিনি দায়ী থাকবেন। নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৯-১১-২০২৩

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক

ad\_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩২৬৯/১ (১২)

তারিখ: ২৪ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রযোজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা;
- ৪। জেলা প্রশাসক, -----;
- ৫। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, -----;
- ৭। অধ্যক্ষ, সরকারি বঙ্গবন্ধু মহিলা কলেজ, চিতলমারী, বাগেরহাট;
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;;
- ৯। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
- ১০। জনাব মোসাম্মৎ আফরোজা খানম (ইনডেক্স-৪২২৫৯৩), সরকারি বঙ্গবন্ধু মহিলা কলেজ, চিতলমারী, বাগেরহাট;
- ১১। ব্যাংক ম্যানেজার, ----- এবং
- ১২। সংরক্ষণ নথি।



*Handwritten signature*

০৯-১১-২০২৩  
মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক